নীতির প্রশ্নে আপোসহীন দৈনিক জনকণ্ঠ

Date: 27.01.2019 Page: 15



**বাগেরহাট :** *ব্রি-৭৬ ধানখেত* *-জনকণ্ঠ*

# ব্রি- ৭৬ ধান চাষে আশার আলো দেখছেন কৃষক

**স্টাফ রিপোর্টার, বাগেরহাট ॥** মোরেলগঞ্জে ফলন দ্বিগুণ হওয়ায় ব্রি-৭৬ ধান কৃষকদের মাঝে জনপ্রিয় হয়ে উঠছে। এ ধান আধুনিক উফশী হিসেবে আশার আলো দেখছেন এলাকার কৃষকরা।

২০১৭ সালে ব্রি-৭৬ ধান পরীক্ষামূলকভাবে চাষাবাদের জন্য উপজেলার বলইবুনিয়া ইউনিয়নের কালিকাবাড়ি গ্রামের কৃষক বাহাদুর শিকদার, আমবাড়িয়া গ্রামের বিজয় কৃষ্ণ মিস্ত্রি, পাতাবাড়িয়া গ্রামের কুদ্দুস হাওলাদার এ ধানের চাষাবাদ করেন।

কৃষক কুদ্দুস হাওলাদার জানান, গত বছরে এ এলাকায় ২ একর জমিতে ব্রি-ধানের চাষ হয়। তাতে একর প্রতি ৫৫-৬০ মণ ধান উৎপাদিত হয়েছে। যা স্থানীয় জাতের চেয়ে ২ থেকে ৩ গুণ বেশি। এ ধান উৎপাদনের সাফল্যের জন্য চলতি বছরে জিউধরা, হোগলাপাশা,পঞ্চকরণ, তেলিগাতি, রামচন্দ্রপুর, বনগ্রাম, খাউলিয়া ও বলইবুনিয়া ইউনিয়নে ৩৭ একর জমিতে চাষাবাদ হয়।

পুটিখালী ইউনিয়নের কৃষক সিদ্দিকুর রহমান জানান, প্রতি একরে স্থানীয় জাতের চেয়ে কম সময়ে ২-৩ গুণ ধান বেশি হয়েছে। উপজেলা উদ্ভিদ সংরক্ষণ কর্মকর্তা মেজবাহ আহমেদ ও উপজেলা সহকারী কৃষি কর্মকর্তা জাকির হোসেন বলেন, ব্রি-ধান ৭৬ নিচু অঞ্চলের জন্য একটি উন্নত জাতের ধান। জমিতে হাঁটু পানি থাকলেও এ ধান চাষ করা সম্ভব।

উপজেলা কৃষি কর্মকর্তা সিফাত আল মারুফ বলেন, আধুনিক উফশী হিসেবে খ্যাত ব্রি-ধান ৭৬ এ অঞ্চলের জন্য অত্যন্ত কার্যকরী। সাদা ও লাল মোটা ধানের চেয়ে উৎপাদন বেশি হওয়ায় এ ধানের প্রতি স্থানীয় কৃষকদের আগ্রহ দিন দিন বাড়ছে।